গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নম্বর-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১২৫.২৫-৪৯১

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩২
৩০ জুলাই ২০২৫

বিষয়: নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ে সংযুক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ০৩-০৮-২০২৫খ্রি. তারিখের ''দৈনিক যুগান্তর ও ডেইলি স্টার'' পত্রিকার ভিতরের যে কোন পৃষ্ঠায় একদিন একছাপ (সাদা কালো, ৩ কলাম ৭ ইঞ্চি) প্রকাশের অনুরোধ করা হলো।

০২। প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির ০৩(তিন) কপি পত্রিকাসহ বিল দাখিল সাপেক্ষে পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংযুক্ত: বর্ণনামতে ০২(দুই) পাতা।

৩০/৭/২৫
(মোঃ নাজমুল হক)
সহকারী পরিচালক (প্রশাসন)
☎ ০২-৪৯৩৫৪২৮৩ (অফিস)
✉ nazmulwewb@gmail.com

বিজ্ঞাপন ম্যানেজার
দৈনিক যুগান্তর/ডেইলি স্টার।

অনুলিপি:

১। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় [সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৩। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় [মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য]।
৪। সিস্টেম এনালিষ্ট/উপপরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৫। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৭। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
৮। অফিস নথি/২০২৫।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
(www.wewb.gov.bd)

নম্বর:৪৯.০৪.০০০০.০০৪.১৮.১২৫.২৫-৪৮৯

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩২ / ৩০ জুলাই ২০২৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের নিম্নোক্ত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://wewb.teletalk.com.bd) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না:

| ক্রম | পদের নাম ও বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | সহকারী পরিচালক (গ্রেড-৯) | ১০ (দশ)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে-<br>(ক) প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(গ) অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ২. | সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ) (গ্রেড-৯) | ০১ (এক)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিষয়ে-<br>(ক) অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ৩. | আরবী অনুবাদক (গ্রেড-৯) | ০১ (এক)টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবি বা ইসলামী শিক্ষা (আরবি মাধ্যম) বিষয়ে-<br>(অ) অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক সমমানের ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(আ) অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) আরবি হইতে বাংলা বা ইংরেজি এবং বাংলা বা ইংরেজি হইতে আরবি অনুবাদ কার্যে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। |
| ৪. | উপ-সহকারী পরিচালক (গ্রেড-১০) | ২০ (বিশ)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ৫. | হিসাবরক্ষক (গ্রেড-১১) | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(খ) মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ এর তফসিল-৩ অনুযায়ী গৃহিত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬. | স্টোর কিপার (গ্রেড-১৩) | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় পারদর্শীতা। |
| ৭. | ক্যাশিয়ার (গ্রেড-১৩) | ০১ (এক)টি | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ কম্পিউটার চালনায় পারদর্শীতা। |
| ৮. | কেয়ারটেকার (গ্রেড-১৬) | ০২ (দুই)টি | কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯. | রিসিপশনিস্ট (গ্রেড-১৬) | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার চালনায় পারদর্শীতা। |
| ১০. | ইলেক্ট্রিশিয়ান (গ্রেড-১৬) | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে ২ (দুই) বৎসর মেয়াদি জেনারেল ইলেক্ট্রিক্যাল ওয়ার্কস বা ইলেক্ট্রিক্যাল মেইনটেন্যান্স ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল); এবং<br>(খ) সরকারি, স্বায়ত্তশাসিত বা অন্য কোনো প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |

| ক্রম | পদের নাম ও বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১১. | ডেসপাচ রাইডার (গ্রেড-১৬) | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) লাইসেন্সসহ মোটর সাইকেল চালনায় পারদর্শীতা। |
| ১২. | জেনারেটর ও পাম্প চালক (গ্রেড-১৬) | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে ২ (দুই) বৎসর মেয়াদি অটোমোবাইল বা ইলেক্ট্রিক্যাল ওয়ার্কস বা ইলেক্ট্রিক্যাল মেইনটেন্যান্স ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল); এবং<br>(খ) সরকারি, স্বায়ত্তশাসিত বা অন্য কোনো প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ১৩. | প্লাম্বার (গ্রেড-১৬) | ০১ (এক)টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে প্লাম্বিং বা পাইপ ফিটিং ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল); এবং<br>(খ) সরকারি, স্বায়ত্তশাসিত বা অন্য কোনো প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ১৪. | অফিস সহায়ক (গ্রেড-২০) | ৩০ (ত্রিশ)টি | কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

<u>আবেদনকারীদের জন্য প্রযোজ্য শর্তাবলী:</u>

১। চাকরি প্রার্থীগণ ০৭/০৮/২০২৫খ্রি. তারিখ সকাল ১০.০০ টা হতে ০৭/০৯/২০২৫খ্রি. তারিখ বিকাল ৫:০০ টা পর্যন্ত অনলাইনে এই ওয়েবসাইটে (http://wewb.teletalk.com.bd) আবেদনপত্র পূরণ করতে পারবেন। অনলাইন (Online) ব্যতীত সরাসরি/ডাকযোগে কোন আবেদন গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।

২। আবেদনকারীর বয়স ০১/০৮/২০২৫খ্রি. তারিখে ১৮(আঠার) বছর এবং সর্বোচ্চ ৩২(বত্রিশ) বছর হতে হবে। বর্ণিত পদে বিভাগীয় প্রার্থীগণ আবেদন করতে পারবেন। বিভাগীয় প্রার্থীদের বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। এস.এস.সি সনদের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক শৃঙ্খলাজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

৪। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমিতক্রমে আবেদন করতে হবে। এছাড়াও মৌখিক পরীক্ষার সময় চাকরিরত প্রার্থীদের মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার অনাপত্তি সনদ দাখিল করতে হবে।

৫। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:
(ক) মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্র/কাগজপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে। এছাড়া অনলাইনে পূরণকৃত আবেদন ফরমসহ সকল সনদপত্র/ কাগজপত্রের ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি বোর্ডে দাখিল করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। তাছাড়া, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক পত্র হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি দাখিল করতে হবে।

(খ) মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরঙ্গনার সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ কোটার প্রার্থীদের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

৬। প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে প্রচলিত সরকারি বিধি মোতাবেক সকল ধরণের কোটা পদ্ধতি/নীতি অনুসরণ করা হবে। পরবর্তীতে কোটা সংক্রান্ত অথবা নিয়োগ সংক্রান্ত বিধি বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৭। এ নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন (যদি থাকে) বোর্ডের ওয়েবসাইটে (www.wewb.gov.bd) এবং (http://wewb.teletalk.com.bd) ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

৮। বোর্ডের নিয়োগ পদ্ধতি অনুযায়ী বাছাইকৃত প্রার্থীকে লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কেবলমাত্র লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক সাক্ষাৎকারের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯। কেউ প্রকৃত তথ্য গোপন করে চাকরি গ্রহণ করলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগযোগ্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল/প্রত্যাহারের অধিকার সংরক্ষণ করে।

১১। অনলাইন-এ পূরণকৃত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা, এতিম ও শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, তৃতীয় লিঙ্গ, আনসার ও ভিডিপি কোটায় প্রার্থীতা দাবি না করলে পরবর্তীতে নতুন করে কোনো কোটার প্রার্থীতা দাবি গ্রহণযোগ্য হবে না।

১২। আবেদনপত্রে নাম, জন্ম তারিখ ও অন্য কোনোরূপ substantive ত্রুটি থাকলে পরবর্তী সময়ে সংশোধনের কোনো সুযোগ থাকবে না। substantive ত্রুটির কারণে প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

১৩। কেবলমাত্র একটি পদে আবেদন করা যাবে। একাধিক পদে আবেদন করলে বাতিল বলে গণ্য হবে।

১৪। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময়সূচী ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ওয়েবসাইটে (www.wewb.gov.bd) এবং (http://wewb.teletalk.com.bd) ওয়েবসাইটে প্রকাশ করা হবে। ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য আলাদাভাবে কোন সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না।

১৫। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী নিম্নরূপ:

(ক) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৭/০৮/২০২৫খ্রি. তারিখ সকাল ১০:০০টা।

(খ) Online-এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়: ০৭/০৯/২০২৫খ্রি. তারিখ বিকাল ৫:০০টা।

(গ) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS-এ পরীক্ষার ফি জমা দিবেন।

(ঘ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ 60 KB এর মধ্যে হতে হবে।

(ঙ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(চ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ছ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবেপূরণ করে নির্দেশনামতে ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy-তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (ওয়েবসাইটে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে ১ - ৫ নং ক্রমিকের পদের জন্য নিয়োগ পরীক্ষার ফি বাবদ ২০০/-(দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ২৩.০০ (তেইশ) টাকাসহ সর্বমোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা, ৬ নং ক্রমিকের জন্য নিয়োগ পরীক্ষার ফি বাবদ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১৮/- (আঠার) টাকাসহ অফেরতযোগ্য মোট ১৬৮/- (একশত আটষট্টি) টাকা ও ৭ - ১৪ নং ক্রমিকের জন্য নিয়োগ পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/- (বারো) টাকাসহ সর্বমোট ১১২/- (একশত বারো) টাকা, ১৫ নং ক্রমিকের জন্য নিয়োগ পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/-(ছয়) টাকাসহ সর্বমোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। **তবে, সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) প্রার্থীরা নিয়োগ পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/-(ছয়) টাকাসহ সর্বমোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন।** বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহিত হবে না"।

**প্রথম SMS** **WEWB**<Space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: **WEWB ABCDEF** & send to 16222

Reply Applicant's Name, Tk. **223 or 168 or 112 or 56** /- will be charged as application fee. Your PIN is .......... To Pay Fee Type WEWB Yes PIN and send to 16222

**দ্বিতীয় SMS** WEWB<Space>Yes<Space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: **WEWB Yes 12345678** & send to 16222

Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for WEWB, Application for xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxx)

(জ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://wewb.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থী প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ঝ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(ঞ) শুধুমাত্র Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

**i. User ID জানা থাকলে:**

**WEWB**<Space>**Help**<Space>**User**<Space>**User ID** and Send to 16222
Example: WEWB Help USER ABCDEF send to 16222

**ii. Number জানা থাকলে:**

**WEWB**<Space>**Help**<Space>**PIN**<Space>**PIN No** and Send to 16222

Example: **WEWB Help PIN 12345678** & send to 16222

(ট) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ওয়েবসাইটে www.wewb.gov.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

(ঠ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা alljobs.query@teletalk.com.bd বা d.ad@wewb.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: WEWB, Post Name: ******, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

(ড) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবে। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(ণ) নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.wewb.gov.bd অথবা http://wewb.teletalk.com.bd ওয়েবসাইট হতে জানা যাবে; এছাড়া পরবর্তীতে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) জানানো হবে।

১৬। নিয়োগের ক্ষেত্রে যে কোন রকম তদবির কিংবা সুপারিশ বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচনা করা হবে।

১৭। ডিক্লারেশন:
প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

(মোঃ ই[illegible] আহমেদ)
উপসচিব
পরিচালক (প্রশাসন)
০২-২২২২২৩২৪৭ (অফিস)
d.ad@wewb.gov.bd

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code